মেট্রোপলিটন পুলিশকে মাস্ক উপহার দিলো সিলেট জেলা পরিষদ

চেম্বার ডেস্ক :: সিলেট মেট্রোপলিটন পুলিশকে (এসএমপি) মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজারসহ সুরক্ষা সাসগ্রী প্রদান করেছে সিলেট জেলা পরিষদ।

বৃহস্পতিবার (৭ সেপ্টেম্বর) সিলেট মেট্রোপলিটন পুলিশের সদর দপ্তরে এসএমপিকে সুরক্ষা সামগ্রিক প্রদান করেন জেলা পরিষদ সিলেটের প্রধান নির্বাহী কর্মকর্তা দেবজিৎ সিংহ।

এসব সুরক্ষা সামগ্রী গ্রহণ করেন সিলেট মেট্রোপলিটন পুলিশের পুলিশ কমিশনার মো. নিশারুল আরিফ।

এসময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন) পরিতোষ ঘোষ, উপ পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন) কামরুল আমিন, অতিরিক্ত উপ পুলিশ কমিশনার ইয়াহিয়া আল মামুন।